

All India Science Teachers' Association, West Bengal
SCIENCE APTITUDE AND TALENT SEARCH TEST - 2025

Time : 1 hr. 45 min.

Full Marks : 60

চতুর্থ শ্রেণি

নির্দেশাবলী: 1) উত্তরপত্রের বাম ও ডান উভয় দিকেই তোমার নাম, শ্রেণি, বিদ্যালয়ের নাম ও ক্রমিক নম্বর লিখতে হবে। 2) প্রশ্নপত্রে প্রত্যেক প্রশ্নের চারটি করে সম্ভাব্য উত্তর a), b), c), d) তে দেওয়া আছে। প্রথমে সঠিক বা সর্বোত্তম উত্তর কোনটি তা স্থির করবে। উত্তরপত্রে প্রশ্নের নম্বর ও তার পাশে চারটি বৃত্ত আছে, বৃত্তের ওপরে a), b), c), d) লেখা আছে। সঠিক উত্তরটি নির্বাচন করে সেই অক্ষরের নিচে যে বৃত্তটি আছে সেটিতে পরিষ্কারভাবে ডটপেন দিয়ে × চিহ্ন দাও, যেমন ○○⊗○; এখানে সঠিক উত্তর c)। 3) প্রতি ঠিক উত্তরের জন্য ১ নম্বর পাবে। ৩টি ভুল উত্তরের জন্য ১ নম্বর কাটা যাবে। 4) প্রশ্নপত্রে কিছু লিখবে না। প্রশ্নপত্রে উত্তরে দাগ দেবে না। পরীক্ষার পর কেবল উত্তর পত্রটি জমা দেবে। 5) প্রয়োজনবোধে রাফ কাজ অতিরিক্ত সাদা কাগজে করতে পারো। 6) কোনো প্রশ্ন কঠিন মনে করলে তার জন্য অযথা সময় নষ্ট না করে পরবর্তী প্রশ্নের উত্তর দেওয়ার চেষ্টা কর। প্রথম উত্তর ভুল মনে হলে তা ● কালো কর এবং সঠিক উত্তরে ⊗ চিহ্ন দাও।

1. ভিজে জামাকাপড় রোদে শুকিয়ে নিলে জলটা পরিণত হয়
a) লবণে b) বরফে c) মেঘে d) বাষ্পে
2. একটি অমেরুদণ্ডী প্রাণী হল
a) সাপ b) আরশোলা c) ব্যাঙ d) টিকটিকি
3. বাতাসের যে অংশটি শ্বাসকার্যে সহায়তা করে তা হল
a) অক্সিজেন b) নাইট্রোজেন
c) কার্বন ডাই-অক্সাইড d) a) ও c) দুটোই
4. তামা আর টিনের মিশ্রণ হল
a) ইস্পাত b) ব্রোঞ্জ c) দস্তা d) সীসা
5. নিচের নামগুলির মধ্যে যেটি সজীব পদার্থের সেটি হল
a) শ্যাওলা b) ডিমের খোলা
c) পাখির বাসা d) গ্যাস বেলুন

6. ফল নয় এমন একটা খাদ্য হল
a) রসুন b) পেয়ারা c) আম d) কলা
7. আমাদের আকাশে উত্তর দিকে সারাবছর দেখা যায়
a) চাঁদ b) অরুক্ষতী c) ধ্রুবতারা d) ধূমকেতু
8. নিচের চারটি পদার্থের মধ্যে অন্যগুলির থেকে আলাদা পদার্থ হল
a) কাচ b) বরফ c) জল d) জলীয় বাষ্প
9. সৌরজগতের সবচেয়ে বড় গ্রহ হল
a) মঙ্গল b) শুক্র c) পৃথিবী d) বৃহস্পতি
10. নিম্নলিখিত খাদ্যগুলির মধ্যে প্রোটিন জাতীয় একটি খাদ্য হল
a) ডিম b) ভাত c) কলা d) রুটি
11. মাটিতে পোঁতা একটা কাঠির ছায়া সবচেয়ে ছোট হয়
a) সকালে b) বিকালে
c) বেলা ৩টার সময়ে d) বেলা ১২ টায়
12. সূর্যগ্রহণ হয়
a) পূর্ণিমায় b) অমাবস্যায়
c) শুক্লপক্ষের অষ্টমীতে d) কৃষ্ণপক্ষের অষ্টমীতে
13. বাজ পড়লে সাধারণত যে গাছের ওপর আগে পড়ে তা হল
a) ধান b) ডুমুর c) পেয়ারা d) নারকেল
14. রাস্তায় যে রঙের আলো জ্বললে রাস্তা পার হওয়া উচিত তা হল
a) বেগুনি b) হলুদ c) লাল d) সবুজ
15. নিচের চারটি প্রাণীর মধ্যে অন্যভাবে শ্বাসকার্য করে
a) সাপ b) মৌমাছি c) কাঁকড়া বিছা d) রুই মাছ
16. গাছ খাদ্য তৈরি করতে ব্যবহার করে বাতাসের
a) অক্সিজেন b) নাইট্রোজেন
c) হিলিয়াম d) কার্বনডাই-অক্সাইড

17. ভারতে সিংহ দেখা যায়
 a) সুন্দরবনে b) গির অরণ্যে c) বন্দীপুরে d) কাজিরাঙায়
18. পাহাড়ের ওপর বায়ুর তাপমাত্রা সমতলের তুলনায়
 a) কম থাকে b) বেশি থাকে
 c) একই থাকে d) কখনও একই থাকে, কখনও বাড়ে
19. নিম্নলিখিতগুলির মধ্যে প্রকৃতির সম্পদ নয় হল
 a) জল b) মাটি c) বায়ু d) সেতু
20. বাতাসে সবচেয়ে বেশি থাকে
 a) অক্সিজেন b) নাইট্রোজেন c) হাইড্রোজেন d) জলীয় বাষ্প
21. দিনের বেলা তারাদের দেখা যায় না কারণ দিনে
 a) তারাদের আলো থাকে না
 b) তারারা পৃথিবীর উল্টো দিকে চলে যায়
 c) সূর্যের আলোর উজ্জ্বলতা তারাদের ম্লান করে দেয়
 d) তারারা সূর্যের উল্টো দিকে চলে যায়
22. জলে জন্মে এমন একটি উদ্ভিদ
 a) আম b) নারকেল c) বাঁশ d) পদ্ম
23. সিক্কোনা ব্যবহার করা হয়
 a) পেটব্যথায় b) কাঁপুনি দিয়ে জ্বর এলে
 c) মাথা ব্যথায় d) পা ভেঙে গেলে
24. জীবাণু দেখা যায়
 a) খালি চোখে b) চশমা দিয়ে
 c) অণুবীক্ষণ যন্ত্র দিয়ে d) কালো চশমা দিয়ে
25. শ্বাসনালী শেষ হয় দেহের যে অংশে তা হল
 a) হৃদপিণ্ড b) ফুসফুস c) পাকস্থলী d) কিডনি

26. সর্জীব নয় এমন পদার্থ হল
 a) ছত্রাক b) শেওলা c) জল d) ব্যাকটেরিয়া
27. একটি তৃণভোজী প্রাণী হল
 a) সাপ b) টিকটিকি c) মানুষ d) ছাগল
28. নির্দিষ্ট আকার আছে এমন একটি পদার্থ হল
 a) পেট্রল b) বাতাস c) জল d) কঠিন পদার্থ
29. আত্মরক্ষায় ব্যবহার করা হয় না
 a) সজারুর কাঁটা b) গোরুর শিং c) হাতির শুঁড় d) প্রজাপতির ডানা
30. কোনটি বিপন্ন বা বিলুপ্ত প্রাণী নয়?
 a) ডোডো পাখি b) মানুষ
 c) হিমালয়ের বামন তিতির d) ভারতের গোলাপি হাঁস
31. দুই অঙ্কবিশিষ্ট বৃহত্তম ও ক্ষুদ্রতম অযুগ্ম সংখ্যার সমষ্টি হল
 a) ১০০ b) ১০৯ c) ১১১ d) ১১০
32. ২৪-এর উৎপাদকগুলির সমষ্টি হল
 a) ৪৮ b) ৬০ c) ৫৯ d) ৩৬
33. ৯৬৭৩৫ সংখ্যাটির ৬ এবং ৩-এর স্থানীয় মানের অন্তর হল
 a) ৫৭০০ b) ৫৮০০ c) ৫৯৭০ d) ৩
34. ১ কিলোমিটারের তিন-চতুর্থাংশ হল
 a) ২৫০ মিটার b) ৭৫০ মিটার c) ৭৫০০ মিটার d) ৭৫ মিটার
35. ১১৭-এর নবম গুণিতকটি হল
 a) ১০৫৩ b) ৯৯৬৩ c) ১০৪৯ d) ৯৯৯
36. নীচের যেটি ২৫ সেন্টিমিটার ৫ মিলিমিটার দৈর্ঘ্যের সমান তা হল
 a) ২৫৫০ মিলিমিটার b) ২.৫৫ সেন্টিমিটার
 c) ২৫.৫ সেন্টিমিটার d) ০.২৫৫ সেন্টিমিটার

37. চার অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যার ঠিক আগের পূর্ণসংখ্যাটি হল
 a) ৯৯৯৯ b) ১০০১ c) ৯৯০ d) ৯৯৯
38. ৮, ০, ১১, ১৫, ০ এবং ১৪-এর গড় হল
 a) ৮ b) ১০ c) ১১ d) ১২
39. ১, ০, ৪, ০ এবং ৮ এই অঙ্কগুলির প্রতিটিকে একবার মাত্র ব্যবহার করে গঠিত ক্ষুদ্রতম সংখ্যাটি হল
 a) ১৪৮ b) ১০০৪৮ c) ১৪৮০০ d) ১০৪০৮
40. তিনটি ক্রমিক সংখ্যার সমষ্টি ৩০৩ হলে সবচেয়ে ছোট সংখ্যাটি হবে
 a) ২০১ b) ২০০ c) ১০০ d) ১০১
41. একটি বইয়ের দাম ৩২৫ টাকা। এরকম ২৯টা বইয়ের দাম হবে
 a) ৯৪২৫ টাকা b) ৯৪২০ টাকা c) ৮৮৪৫ টাকা d) ৬৫২৫ টাকা
42. মৌমিতা ৮টি পেন কিনে দোকানদারকে ১০০ টাকার নোট দিল এবং দোকানদার ঐ পেনের দাম নিয়ে মৌমিতাকে ১৪ টাকা ফেরত দিলো। প্রতিটি পেনের দাম হল
 a) ৮ টাকা b) ১০ টাকা c) ১০.৯০ টাকা d) ১০.৭৫ টাকা
43. ১ বছরে কত ঘন্টা?
 a) ৮৭৬০ b) ৮৭৭৪ c) ৮৭৭২ d) ৮৭৮৪
44. বাবলুর বাগানে একটি ৪ কি.গ্রা. ৬০০ গ্রাম ওজনের কুমড়া ফলেছে। সে ওই বড় কুমড়োর ৮০০ গ্রাম সোনালীকে, ১ কি.গ্রা. ২৫০ গ্রাম আমাকে ও ৬৫০ গ্রাম মোহিতকে দিল। এখনো যত ওজনের কুমড়া বাবলুর কাছে পড়ে রইলো তা হল
 a) ২ কি.গ্রা. ৭০০ গ্রাম b) ১ কি.গ্রা. ৭০০ গ্রাম
 c) ১ কি.গ্রা. ৯০০ গ্রাম d) ২৫০ গ্রাম
45. দুটি সংখ্যার যোগফল ৯৮৭০; যদি একটি সংখ্যা অপর সংখ্যাটি থেকে এক হাজার দশ বড়ো হয়, তবে বৃহত্তর সংখ্যাটি হল
 a) ৮৫৬০ b) ৮৮৬০ c) ৫৪৪০ d) ৪৪৩০

46. আমার ঘড়িতে এখন সময় সকাল 7:05; এটি 25 মিনিট এগিয়ে আছে। সঠিক সময় হবে
- a) 5:40 a.m. b) 6:40 a.m. c) 7:30 a.m. d) 7:50 a.m.
47. একটি ভাগ অঙ্কে ভাজ্য ৬৩২, ভাগফল ২৩ এবং ভাগশেষ ১১ হলে, ভাজক হবে
- a) ৩৪ b) ২৬ c) ২৭ d) ১২
48. ২০২৫ খ্রীষ্টাব্দের ফেব্রুয়ারী মাসের দিন সংখ্যা হল
- a) ৩১ b) ৩০ c) ২৯ d) ২৮
49. মে মাসের প্রথম দিন মঙ্গলবার হলে মে মাসের শেষ দিন হবে
- a) মঙ্গলবার b) বুধবার c) বৃহস্পতিবার d) শনিবার
50. একটি বিদ্যালয়ের $\frac{3}{4}$ অংশ শিক্ষার্থী ছেলে এবং মেয়ের সংখ্যা ৬০০ হলে ছেলের সংখ্যা হবে
- a) ৯০০ b) ৮০০ c) ৬০০ d) ১৫০০
51. ২১, ৪১, ৬১, ৮১, ১০১, , শ্রেণিটির দশম পদ হল
- a) ২০১ b) ২০০ c) ১৮১ d) ১৬১
52. ৯৯৯৯৯৯ কে ৯৯ দ্বারা ভাগ করলে ভাগফল হবে
- a) ১১১ b) ১০১১ c) ১০১০১ d) ১০১০৯
53. নীচের গুণের সংখ্যাটিতে ‘*’ চিহ্নিত স্থান দুটিতে কোন্ কোন্ সংখ্যা বসবে?
- $$\begin{array}{r} ৬ * ৮ * \\ \times ৫ \\ \hline ৩৩৯৪৫ \end{array}$$
- a) ৯, ৭ b) ৭, ৯ c) ৯, ৪ d) ৪, ৯
54. $২১ \div ৭ \times ২ - ৪ \times ২ + ২৫ \div ৫$ -এর সরলতম মান হল
- a) ০ b) ১ c) ৯ d) ৩

55. একটি ক্ষেত্রকে সীমাবদ্ধ করতে কমপক্ষে যতগুলি সরলরেখাংশের দরকার তা হল
a) ১ b) ২ c) ৩ d) ৪
56. একটি দেশলাই বাক্সের উপরের তলটি হল
a) আয়তক্ষেত্র b) বর্গক্ষেত্র c) ত্রিভুজ d) বৃত্ত
57. AM লেখাটিতে সরলরেখাংশের সংখ্যা হল
a) ১০ b) ৬ c) ৪ d) ৭
58. নীচের বক্ররেখাগুলির মধ্যে বদ্ধ বক্ররেখাটি হল
a) G b) D c) S d) U
59. একটি সংখ্যার ঠিক পূর্ববর্তী এবং ঠিক পরবর্তী সংখ্যার গুণফল ২২৪ হলে সংখ্যাটি হবে
a) ১২ b) ১৩ c) ১৪ d) ১৫
60. রিমির বয়স ১০ বছর ৬ মাস ১২ দিন। মলিনার বয়স ৫ বছর ৭ মাস ২০ দিন। তাদের বয়সের গড় হল
a) ৮ বছর ১ মাস ১ দিন b) ৮ বছর ১ মাস
c) ৮ বছর ৮ দিন d) ৭ বছর ৯ মাস ১২ দিন